


বিজ্ঞপ্তি

এতদ্বারা আশ্রয়ী সকল অনাবাসি বাংলাদেশিদের নিকট হতে নিম্নবর্ণিত ক্যাটাগরিসমূহে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি), ২০১৬ নির্বাচিত হওয়ার জন্য এ মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রঃ/নং	ক্যাটাগরি	সংখ্যা	আবেদনের শর্ত ও প্রয়োজনীয় যোগ্যতা
১।	শিল্পখাতে বিনিয়োগকারী : বাংলাদেশে শিল্পক্ষেত্রে সরাসরি বিনিয়োগকারী (অনাবাসি বাংলাদেশি) সিআইপি (এনআরবি)।	সর্বোচ্চ ২০জন	(ক) ২০১৪-২০১৫ অর্থ বছরে অনাবাসি বাংলাদেশি কর্তৃক শিল্পখাতে বিনিয়োগের পরিমাণ; (খ) শিল্পখাতে মূলধন হিসাবে ৩,০০,০০০ (তিন) লক্ষ মার্কিন ডলার সমপরিমাণ বা তদুর্ধ্ব পরিমাণ বৈদেশিক মুদ্রা বিনিয়োগ এবং (গ) শিল্প প্রতিষ্ঠানটি বাস্তবায়নামূলক হলে যন্ত্রপাতি আমদানির প্রমাণপত্র।
২।	বৈদেশিক মুদ্রা প্রেরণকারী: বাংলাদেশে বৈধ চ্যানেলে সর্বাধিক মুদ্রা প্রেরণকারী (অনাবাসি বাংলাদেশি) সিআইপি (এনআরবি)।	সর্বোচ্চ ৫০জন	(ক) ২০১৪-২০১৫ অর্থ বছরে অপ্রত্যাভাসনযোগ্য ন্যূনতম ২,০০,০০০ (দুই লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ অর্থ ব্যাংকসহ অন্যান্য বৈধ চ্যানেলে বাংলাদেশে প্রেরণ এবং প্রমাণপত্র দাখিল।
৩।	আমদানিকারক : বিদেশে বাংলাদেশি পণ্যের আমদানিকারক (অনাবাসি বাংলাদেশি) সিআইপি (এনআরবি)।	সর্বোচ্চ ২০ জন	(ক) ২০১৪-২০১৫ অর্থ বছরে অনাবাসি বাংলাদেশি কর্তৃক বাংলাদেশ হতে পণ্য আমদানি; (খ) বিবেচ্য বৎসরের ন্যূনতম ৩,০০,০০০ (তিন লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রার (Free on Board (FOB) বাংলাদেশি পণ্য আমদানি; এবং (গ) আমদানিকৃত পণ্যের মূল্য পরিশোধের প্রমাণপত্র দাখিল।

- ২। আশ্রয়ী অনাবাসি বাংলাদেশিগণকে সিআইপি (এনআরবি) নির্বাচন নীতিমালা-২০১৫ অনুসরণপূর্বক আবেদন দাখিল করতে হবে।
- ৩। ক্যাটাগরি ভিত্তিক আবেদনের নির্ধারিত ফরম এবং সিআইপি (এনআরবি) নির্বাচন নীতিমালা-২০১৫ এর কপি প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.probashi.gov.bd) জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর ওয়েবসাইট (www.bmet.org.bd) এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েবসাইট (www.wewb.gov.bd) এবং সংশ্লিষ্ট দূতাবাস/মিশনের ওয়েবসাইট হতে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।
- ৪। আগামী ১৫ সেপ্টেম্বর, ২০১৫ তারিখের মধ্যে ০২ সেট আবেদন সরাসরি এ মন্ত্রণালয়ে অথবা সংশ্লিষ্ট বাংলাদেশ দূতাবাস/মিশনে দাখিল করতে হবে।
- ৫। আবেদনপত্রের সাথে দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।



(কালচাঁদ সরকার)

সহকারী সচিব

ফোন-৯৩৫৭১১৮

e-mail:welfare6@probashi.gov.bd